৬

দৈনিক সংবাদ

তারিখ 31 AUG 1989
পৃষ্ঠা ১ কলাম ৮

23

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিস্থিতির অবনতির জন্যে ৩১ জন ছাত্র অভিযুক্ত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৩০শে আগষ্ট।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সম্পর্কে গঠিত বিশেষ কমিটির রিপোর্টে ক্যাম্পাসে পরিস্থিতি অবনতির জন্য ৩১ জন ছাত্রকে অভিযুক্ত করা হয়েছে। উল্লেখ্য, এই ৩১ জনই ইসলামী ছাত্র শিবিরের কর্মী। রিপোর্টে বলা হয়েছে গত ১ বছর ধরে ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির সঙ্গে অভিযুক্তরা জড়িত ছিল। এদের সন্ত্রাসের ফলে ক্যাম্পাসের স্বাভাবিক শিক্ষার পরিবেশ বারবার বিঘ্নিত হয়েছে।

রিপোর্টে গত ১ বছরের সকল সন্ত্রাসী তৎপরতার উল্লেখ করা

(শেষ পৃ: ১-এর ক: দেখুন)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

হয়। বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সম্পর্কে ডঃ আফতাব আহমদ, ডঃ আনিসুজ্জামান ও অধ্যাপক এইচ, আই লতিফীকে সদস্য করে গঠিত কমিটি গত সোমবার উপাচার্যের কাছে এই রিপোর্ট পেশ করে।

পরিস্থিতির উন্নতির লক্ষ্যে রিপোর্টে শিক্ষা-পরিবেশ পরিষদ গঠনের সুপারিশ করা হয়। আগামীকাল বৃহস্পতিবার সিণ্ডিকেটের সভায় রিপোর্ট পর্যালোচনা করা হবে।

চট্টগ্রাম ৮ ও ৫ দল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রাবাসে সন্ত্রাসীদের অবস্থান গ্রহণে গভীর উদ্বেগ প্রকাশ করে আগামী ৩রা সেপ্টেম্বরের মধ্যে হল থেকে অস্ত্র উদ্ধার ও, পরিবেশ পরিষদ গঠনসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণের দাবী জানিয়েছে।